গ্র্যাজুয়েশনের বহু পথ

(মাল্টিপ্ল্ প্যাথওয়েজ টু গ্র্যাজুয়েশন)

বেশি বয়সী শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশনের পথে ফেরায় সহায়তা করার জন্য পরিকল্পিত স্কুল ও কর্মসূচি

ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিস নিবেদিত

NYC Department of Education
Joel I. Klein, Chancellor

ফেব্রুয়ারি ২০০৯

বেশি বয়সী শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশনের পথে ফেরায় সহায়তা করার জন্য পরিকল্পিত স্কুল ও কর্মসূচি

> নিউ ইয়র্ক সিটিতে ১ লাখ ৩০ হাজারেরও বেশি ১৬–২১ বছর বয়সী ছেলেমেয়ে আছে যারা ক্রেডিট সঞ্চয়ের ক্ষেত্রে ২ বছরেরও বেশি পিছিয়ে রয়েছে, কিংবা স্কুলে লেখাপড়া ছেড়ে দিয়েছে।

> নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন এসব শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশনের পথে ফিরিয়ে আনতে সহায়তা করার জন্য কিছু স্কুল ও কর্মসূচি চালু করেছে।



বহু ধারার বিকল্প হাই স্কুল

ট্রান্সফার স্কুল

হাই স্কুলে কমপক্ষে এক বছর যাবৎ ভর্তি আছে এবং ক্রেডিট সঞ্চয়ের ক্ষেত্রে পিছিয়ে পড়েছে, ট্রান্সফার স্কুল এমন পূর্ণকাল শিক্ষার্থীদের স্কুল। ছোট ছোট এই স্কুলগুলোয় ডিপ্লোমা দেয়া হয়। ক্লাসে কঠোর পড়াশোনা করায় এসব হাই স্কুল শিক্ষার্থীর চাহিদা–নির্ভর পরামর্শ দেয় এবং কলেজ ও পেশাজীবনের জন্য প্রস্তুত করে।

ইয়াং অ্যাডাল্ট বরো সেন্টার

ইয়াং অ্যাডাল্ট বরো সেন্টারগুলো সান্ধ্য অ্যাকাডেমিক কর্মসূচি। এই কর্মসূচিগুলো পরিকল্পিত হয়েছে সেসব হাই স্কুল শিক্ষার্থীর চাহিদা মেটানোর জন্য যারা পিছিয়ে পড়ার কারণে কিংবা প্রাপ্তবয়স্ক দায়িত্বপালনজনিত কারণে দিনের বেলায় স্কুল করার ক্ষেত্রে সমস্যাবোধ করায় স্কুলে লেখাপড়া ছেড়ে দেয়ার কথা ভাবছে। সনাতন নয় এমন ধারার কর্মসূচির মাধ্যমে শিক্ষার্থীরা গ্র্যাজুয়েশনের জন্য শুধুমাত্র তাদের প্রয়োজনীয় ক্রেডিট অর্জনে মনোনিবেশ করে। ক্রেডিট অর্জন ও রিজেন্টস্ পরীক্ষা শেষ হওয়ার পর শিক্ষার্থীরা তাদের মূল স্কুল থেকে ডিপ্লোমা লাভ করে।

জিইডি কর্মসূচি

পূর্ণকাল ও খণ্ডকাল জিইডি কর্মসূচিগুলো শিক্ষার্থীদের জিইডি পরীক্ষা পাসে সহায়তা করার পাশাপাশি তাদেরকে কলেজ ও পেশার সাথে অর্থপূর্ণ যোগাযোগ ঘটিয়ে দেয়ার জন্য কাজ করে। শিক্ষার্থীরা একজন অ্যাডভাইজরের কাছ থেকে চাহিদানির্ভর পরামর্শ লাভ করে।

লার্নিং টু ওয়ার্ক

লার্নিং টু ওয়ার্ক পরিষেবা বহু ট্রান্সফার স্কুল, ইয়াং অ্যাডাল্ট বরো সেন্টার ও জিইডি কর্মসূচির সাথে সমন্বিত। হাই স্কুলের পড়া শেষ করা, কাজ পাওয়া, এবং কলেজে সফল হওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতা গড়ে দেয়ার মাধ্যমে শিক্ষার্থীদের স্কুলের কাজে ব্যাপৃত রাখায় সহায়তা করার লক্ষ্যে লার্নিং টু ওয়ার্ক পরিকল্পিত হয়েছে। লার্নিং টু ওয়ার্ক এর শিক্ষার্থীরা বৈতনিক ইন্টার্নশিপ, কাজের দক্ষতা বৃদ্ধির কর্মশালা, কলেজ ও পেশা সম্পর্কিত পরামর্শ, কর্মে নিযুক্তি এবং অন্যান্য সহায়তা কর্মকাণ্ডে অংশ নেয়।

www.nyc.gov/schools/Office/OMPG

ট্রান্সফার স্কুল

কমপক্ষে এক বছর যাবৎ ভর্তি আছে এবং ক্রেডিট সঞ্চয়ে পিছিয়ে পড়েছে এমন শিক্ষার্থীদের জন্য ট্রান্সফার স্কুলগুলো ক্ষুদ্র ডিপ্লোমাপ্রদানকারী হাই স্কুল।

- ট্রান্সফার স্কুলগুলো শিক্ষার্থীদের দ্রুত ক্রেডিট অর্জনের লক্ষ্যে কঠোর ও আকর্ষণীয় ক্লাসের সুযোগ করে দেয়।
- ট্রান্সফার স্কুলগুলো শিক্ষার্থীদের ব্যক্তিক প্রয়োজনভিত্তিক শিক্ষার পরিবেশ প্রদান করে।
- ব্যক্তিক প্রয়োজনভিত্তিক শিক্ষা নিশ্চিত করার জন্য প্রতিটি শিক্ষার্থীকে একজন অ্যাডভাইজরের (উপদেষ্টার) সাথে জুটিবদ্ধ করে দেয়া হয়।
- অনেক ট্রান্সফার স্কুলে বৈতনিক ইন্টার্নশিপ এবং ক্যারিয়ার কাউন্সেলিংয়ের মতো লার্নিং টু ওয়ার্ক সার্ভিস রয়েছে। আরও তথ্যের জন্য কোন স্কুল বা এলটিডব্লিউ কর্মসূচিতে যোগাযোগ করুন (ব্রোশিওর দেখুন)।
- গ্র্যাজুয়েশন শেষে শিক্ষার্থীরা হাই স্কুল ডিপ্লোমা অর্জন করবে।
- নিউ ইয়র্ক সিটিতে ৩৭ টি ট্রান্সফার স্কুল রয়েছে।

ট্রান্সফার স্কুল

ট্রান্সফার স্কুলের জন্য যোগ্য হতে হলে একজন শিক্ষার্থীকে অবশ্যই:

- কমপক্ষে ১ বছর হাই স্কুলে পড়তে হবে
- বয়স ১৫–২১ হতে হবে

ভর্তি:

- প্রতিটি ট্রান্সফার স্কুলে ভর্তির জন্য নিজস্ব মানদণ্ড ও প্রক্রিয়া রয়েছে।
- আরও তথ্য পেতে আপনার গাইডেন্স কাউন্সিলরের কাছে বা কোন ডিস্ট্রিক্ট ৭৯ রেফারেল সেন্টারে খোঁজ নিন।
- ভর্তির তথ্যের জন্য ট্রান্সফার স্কুলগুলোর সাথে আলাদা আলাদাভাবে যোগাযোগ করুন।

ইয়াং অ্যাডাল্ট বরো সেন্টার (ওয়াইএবিসি)

ওয়াইএবিসি-গুলো খণ্ডকালীন সান্ধ্য কর্মসূচি যা তৈরি করা হয়েছে সেসব শিক্ষার্থীদের জন্য যারা গ্র্যাজুয়েশনের জন্য ক্রেডিট সংগ্রহ করায় পিছিয়ে পড়ার কারণে কিংবা প্রাপ্তবয়স্ক দায়িত্বপালনজনিত কারণে দিনের বেলায় স্কুল করার ক্ষেত্রে সমস্যাবোধ করায় স্কুলের লেখাপড়া ছেড়ে দেয়ার কথা ভাবছে।

- শিক্ষার্থীরা গ্র্যাজুয়েশনের জন্য প্রয়োজনীয় কোর্সেই শুধু মনোনিবেশ করে।
- ক্লাস হয় বিকেলে এবং সন্ধ্যায়, তাই শিক্ষার্থীরা দিনে কাজ বা অন্যান্য ব্যক্তিগত দায়িত্ব পালন করার সুযোগ পায়।
- ব্যক্তিভিত্তিক সহায়তার জন্য প্রতিটি শিক্ষার্থীকে একজন অ্যাডভাইজরের সাথে জুটিবদ্ধ করা হয়।
- অনেক ওয়াইএবিসিতে বৈতনিক ইন্টার্নশিপ এবং ক্যারিয়ার কাউন্সেলিংয়ের মতো লার্নিং টু ওয়ার্ক সার্ভিস রয়েছে। আরও তথ্যের জন্য কোন স্কুল বা এলটিডব্লিউ কর্মসূচিতে যোগাযোগ করুন (ব্রোশিওর দেখুন)।
- গ্র্যাজুয়েশন শেষে শিক্ষার্থীরা তাদের মুল হাই স্কুল থেকে ডিপ্লোমা অর্জন করে।
- নিউ ইয়র্ক সিটিতে ২৩টি ওয়াইএবিসি রয়েছে।

ইয়াং অ্যাডাল্ট বরো সেন্টার (ওয়াইএবিসি)

ওয়াইএবিসি–এর জন্য যোগ্য হতে হলে একজন শিক্ষার্থীকে অবশ্যই:

- বয়স সাড়ে ১৫ থেকে ২১ হতে হবে
- কমপক্ষে ৪ বছর হাই স্কুলে পড়তে হবে
- কমপক্ষে ১৭ ক্রেডিট সংগ্রহ করতে হবে

ভর্তি:

- আরও তথ্য পেতে আপনার গাইডেন্স কাউন্সিলরের কাছে বা কোন ডিস্ট্রিক্ট ৭৯ রেফারেল সেন্টারে খোঁজ নিন।
- ভর্তির জন্য আপনার গাইডেন্স কাউন্সিলরের সাথে সাক্ষাত করুন যিনি প্রয়োজনীয় ফরম প্রদান করতে এবং আপনাকে নিয়ে তা পূরণ করতে পারেন। সেগুলো নিয়ে আপনি সরাসরি ভর্তির জন্য একটি ওয়াইএবিসিতে যাবেন।

পূর্ণকাল ও খণ্ডকাল জিইডি কর্মসূচি

জিইডি কর্মসূচি শিক্ষার্থীদেরকে জিইডি পরীক্ষা উত্তীর্ণ হওয়ার জন্য প্রস্তুত করে।

> পূর্ণকাল অ্যাক্সেস জিইডি কর্মসূচি উদ্দীপনামূলক জিইডি ক্লাস ও অ্যাডভাইজরদের ব্যক্তিভিত্তিক সহায়তালাভের সুযোগ দেয়।

- অ্যাক্সেস জিইডি–এর অন্তর্ভুক্ত আছে সকল শিক্ষার্থীদের জন্য ব্যক্তিভিত্তিক কাউন্সেলিং, এলটিডব্লিউ ইন্টার্নশিপ, কর্মপ্রস্তুতি এবং পেশা অনুসন্ধানমূলক কর্মকাণ্ড।

> খণ্ডকাল জিইডি কর্মসূচি দিবা ও সান্ধ্যকালীন ইন্টারঅ্যাকটিভ জিইডি ক্লাসের সুযোগ দেয়।

- কিছু খণ্ডকাল জিইডি কর্মসূচি এলটিডব্লিউ ইন্টার্নশিপ, কর্মপ্রস্তুতি এবং পেশা অনুসন্ধানমূলক কর্মকাণ্ডের সুযোগ দেয়।

NYC Department of Education

পূর্ণকাল ও খণ্ডকাল জিইডি কর্মসূচি

জিইডি কর্মসূচির জন্য যোগ্য হতে হলে একজন শিক্ষার্থীর অবশ্যই:

> বয়স ১৮ বা তার বেশি হতে হবে

ভর্তি:

> আরও তথ্য পেতে আপনার গাইডেন্স কাউন্সিলরের কাছে বা কোন ডিস্ট্রিক্ট ৭৯ রেফারেল সেন্টারে খোঁজ নিন।

> আপনি যেখানে ভর্তি হতে আগ্রহী, সেখানে নিজে গিয়ে ভর্তি হন।

লার্নিং টু ওয়ার্ক (এলটিডব্লিউ)

লার্নিং টু ওয়ার্ক একটি কর্মপ্রস্তুতি ও পেশা অনুসন্ধানমূলক কর্মসূচি যা অনেক ট্রান্সফার স্কুল, ওয়াইএবিসি এবং জিইডি কর্মসূচিতে পাওয়া যায়।

> শিক্ষার্থীরা এমন সব বৈতনিক ইন্টার্নশিপ ও কর্মকাণ্ডে অংশগ্রহণ করে যা তাদেরকে মাধ্যমিক শিক্ষালাভের পরবর্তী জীবনে অর্থপূর্ণ কর্মকাণ্ডে নিয়োজিত হওয়ার সুযোগ প্রদান করে।

> এছাড়াও এলটিডব্লিউ-এর অন্তর্ভুক্ত আছে ব্যক্তিভিত্তিক অ্যাকাডেমিক সহায়তা, আলাদা আলাদা কাউন্সেলিং এবং দক্ষতা বৃদ্ধির ব্যবস্থা।

> এলটিডব্লিউ পরিষেবা কম্যুনিটিভিত্তিক সংগঠনের সাথে যৌথভাবে প্রদান করা হয়।

NYC Department of Education

আপনার বা আপনার সন্তানের জন্য কোন্‌টি উপযুক্ত?

ট্রান্সফার হাই স্কুল এবং ওয়াইএবিসিগুলো শিক্ষার্থীদের একটি ডিপ্লোমা অর্জন করতে সহায়তা করে, তাই যখন শিক্ষার্থীর বয়স ২১ বছরের কাছাকাছি হয়ে যায় যার কারণে সময়মতো প্রয়োজনীয় ক্রেডিট সংগ্রহ করে ডিপ্লোমা অর্জন না করার সম্ভাবনা দেখা দেয়, তখন আমরা সম্ভব হলেই আমরা শিক্ষার্থীদের এসব স্কুল বা কর্মসূচির একটিতে নাম লেখাতে উৎসাহ দেই। শিক্ষার্থীরা একটি জিইডি প্রস্তুতি কর্মসূচিতে নাম লেখানোর বিষয়টিও বেছে নিতে পারে।

NYC Department of Education

নাম লেখাতে হলে

> ট্রান্সফার স্কুলে
- ভর্তির নিয়ম জানতে ও ভর্তি হতে হলে সংশ্লিষ্ট স্কুল বা কর্মসূচিতে সরাসরি যোগাযোগ করতে হবে।

> ইয়াং অ্যাডাল্ট বরো সেন্টারে (ওয়াইএবিসি)
- আপনার গাইডেন্স কাউন্সিলরের সাথে যোগাযোগ করুন, তিনি প্রয়োজনীয় ফরম দেবেন ও ফরম পূরণ করতে সহায়তা করবেন। তারপর সে ফরম নিয়ে আপনার পছন্দের ওয়াইএবিসি-তে নিয়ে যাবেন।

> জিইডি কমসূচিত
- ভর্তির জন্য আপনার পছন্দের কর্মসূচি কেন্দ্রে বা একটি ডিস্ট্রিক্ট ৭৯ রেফারেল সেন্টারে যোগাযোগ করুন।

Department of Education

ডিস্ট্রিক্ট ৭০ রেফারেল সেন্টার

আরও তথ্য পেতে বা জিইডি কর্মসূচিতে ভর্তি হতে চাইলে আপনার নিকটস্থ ডিস্ট্রিক্ট ৭৯ রেফারেল সেন্টারে যোগাযোগ করতে পারেন:

ব্রংক্স রিজিওন্যাল হাই স্কুলে
ব্রংক্স রেফারেল সেন্টার
1010 Rev. James A. Polite Ave., 3rd Fl.
Bronx, NY 10459
(718) 842-9200

মার্সি অ্যাভিনিউ কমপ্লেক্স–এ ব্রুকলিন
রেফারেল সেন্টার
832 Marcy Avenue, Room 501A
Brooklyn, NY 11216
(718) 636-5770

অল্টারনেটিভ লার্নিং কমপ্লেক্স–এ
ম্যানহাটান রেফারেল সেন্টার
500 Eighth Ave. (at 35th St.), 7th Fl.
New York, NY 10018
(212) 244-1274

জ্যামাইকা লার্নিং সেন্টারে
কুইন্স রেফারেল সেন্টার
162-02 Hillside Avenue, Room 109
Jamaica, NY 11432
(718) 739-2100

সেন্ট জর্জ–এ
স্ট্যাটেন আইল্যান্ড রেফারেল সেন্টার
450 St. Marks Place
Staten Island, NY 10301
(718) 273-3225

NYC Department of Education

আরও তথ্যের জন্য...

> আপনার হাই স্কুল গাইডেন্স কাউন্সিলরের সাথে যোগাযোগ করুন
> ডিস্ট্রিক্ট ৭৯ রেফারেল সেন্টারে যোগাযোগ করুন
> মাল্টিপ্ল্ প্যাথওয়েজ টু গ্র্যাজুয়েশন–এর ওয়েব সাইট দেখুন, সেখানে ইংরেজিতে অনেক বিস্তৃত তথ্য রয়েছে: www.nyc.gov/schools/offices/OMPG
> আপনার মাতৃভাষায় এনওয়াইসিডিওই–এর ওয়েব সাইট দেখুন, সেখানে বেশি বয়স্ক শিক্ষার্থীদের বহু বিকল্প কর্মসূচি থেকে বেছে নেয়ার সুযোগসহ নিউ ইয়র্ক সিটির সরকারি শিক্ষা ব্যবস্থায় পরিবারসমূহের জন্য বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে তথ্য সন্নিবেশিত আছে: www.nyc.gov/schools/languages/Bengali

T&I-10393 (Bengali)

Department of Education